



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা  
শৃঙ্খলা ও তদন্ত শাখা  
www.caab.gov.bd

AIA/RO  
8:6:23  
Mujib's

নথি নং-৩০.৩১.০০০০.২২১.৫২.১০৮.০৫.

৭৫৭৬

তারিখ: ০৭/০৬/২০২৩ খ্রিঃ।

**বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।**

যেহেতু, আপনি জনাব মোঃ মাহবুব আলম, প্রশাসনিক কর্মকর্তা গত ১১/০৯/২০২২ তারিখ হতে ০৫ (পাঁচ) দিনের নৈমিত্তিক ছুটির অনুমোদন গ্রহণ করে নিজ বাড়িতে যান কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে কাজে যোগদান করেননি। আপনি অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ২২/১১/২০২২ তারিখ আপনার ব্যাখ্যা তলব করা হয় এবং ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়;

২.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব না পাওয়ায় ১৮/১২/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয় এবং ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হলেও আপনি কোন জবাব দাখিল করেননি। আপনার স্থায়ী ঠিকানায় ও আপনার ব্যক্তিগত WhatsApp নম্বরে পত্র প্রেরণ করা হয় এবং আপনি WhatsApp নম্বরে প্রেরিত পত্র দেখেছেন, কিন্তু কোন জবাব দাখিল করেননি;

৩.০ যেহেতু, অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে বিগত ১১/০৯/২০২২ তারিখ হতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় এবং আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) ও (গ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.৬৫.১২৪.০৫.৪৬; তারিখ: ১০/০১/২০২৩ মূলে বিভাগীয় মামলা নং-০১/২০২৩ রুজু করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ আপনার ব্যক্তিগত ই-মেইলে, স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;


৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি। নির্ধারিত সময় অতিক্রান্তের পর আপনার ২২/০১/২০২৩ তারিখের স্বাক্ষরিত একটি আবেদন পাওয়া যায়, যা বিভাগীয় মামলার জবাব না হওয়ায় তা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হয়নি এবং সে প্রেক্ষিতে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। এবং

৫.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ১১/০৫/২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্তে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

৬.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫০(১)(খ)(উ) মোতাবেক বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুত্ব আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা-০২ দ্রষ্টব্য

৭.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনার প্রতি 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপ করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৫৩(৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোঃ মাহবুব আলম তালুকদার  
(অতিরিক্ত সচিব)  
সদস্য (প্রশাসন)  
☎ ৪১০৯১০০৫

জনাব মোঃ মাহবুব আলম (পিতা-মৃত আব্দুল মালেক)

প্রশাসনিক কর্মকর্তা

পদায়ন: বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, যশোর বিমানবন্দর, যশোর।

সংযুক্তি: সেমসু, সিএএবি, কুর্মিটোলা ঢাকা (মাধ্যম: নির্বাহী পরিচালক)।

স্থায়ী ঠিকানা: গ্রাম-কাশীপুর, ডাক: গোপালনগর, থানা: ফরিদপুর

জেলা: পাবনা।

অনুলিপি (কার্যার্থে):

(১) নির্বাহী পরিচালক(সেমসু), নির্বাহী পরিচালক (সেমসু) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ


(২) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

✓ (৩) পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(৪) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

(৫) বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর।

(৬) সহকারী পরিচালক (সিএনএস) (অতিরিক্ত দায়িত্ব), যোগাযোগ (সেমসু) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।

  
মোঃ মাহবুব আলম তালুকদার  
(অতিরিক্ত সচিব)  
সদস্য (প্রশাসন)